

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।



Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং: ৪১কন/বং/৭১৯/৬৬

তারিখ : ২৫/১১/১৭

বিষয়ঃ স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন টেংগনমারী ডিগ্রি কলেজ এর অস্থায়ী স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০১৬ তারিখ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

## শাখাসমূহঃ

১। মানবিক, ২। বিজ্ঞান, ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয়ঃ

- (১) বাংলা
- (২) ইংরেজী
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

নৈর্বাচনিক বিষয়ঃ

(ক) মানবিক শাখাঃ

- ১। অর্থনীতি।
- ২। পৌরনীতি ও সুশাসন।
- ৩। ইতিহাস।
- ৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
- ৫। যুক্তিবিদ্যা।
- ৬। সমাজবিজ্ঞান।
- ৭। ইসলাম শিক্ষা।

(খ) বিজ্ঞান শাখাঃ

- ১। পদার্থ বিজ্ঞান।
- ২। রসায়ন বিজ্ঞান।
- ৩। জীব বিজ্ঞান।
- ৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখাঃ

- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
- ২। হিসাব বিজ্ঞান।
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
- ৪। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা।

(ঘ) সকল শাখার জন্য

- ১। কৃষি শিক্ষা।
- ২। ভূগোল।

## শর্তসমূহঃ

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ( নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের সে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।

- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৫। কলেজের জন্য নিয়মিত গভর্ণিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্ণিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (অধ্যক্ষের মাধ্যমে)
- ৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্ণিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ৭। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।
- ৮। গবেষণাগার ও গ্রন্থাগার স্থাপন সহ প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা থাকতে হবে।
- ৯। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও ভাল করতে হবে।
- ১০। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।
- ১১। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।
- ১২। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবেঃ
  - ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।
  - খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
  - গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে ব্যাংক ড্রাফট সহ প্রয়োজনীয় কাগজপত্র চলতি স্বীকৃতির সময়সীমা শেষ হওয়ার ০৪ মাস পূর্বে জামা দিতে হবে।

অধ্যক্ষ

টেংগনমারী ডিগ্রি কলেজ

ডাকঘর : খুটামারা, উপজেলাঃ জলঢাকা  
জেলাঃ নীলফামারী।

স্বাক্ষর


কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

স্মারক নং - ৪/বনাবঃ/৭১৯/৩৩

তারিখ : ২৫/১১/১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মহা- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ২। জেলা প্রশাসক, নীলফামারী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জলঢাকা, নীলফামারী।
- ৫। ওয়েব সাইট কপি।
- ৬। অফিস কপি।



কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

২৫/১১/১৭

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইড খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইড দেখুন